৩৪

07 MAY 1987
তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... ৬ কলাম ২ ... ...

দৈনিক সংবাদ

২৩শে বৈশাখ ১৩৯৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র
ঢাকা

শিক্ষক নিয়োগে অচলাবস্থা

# নীলফামারীতে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে

(জেলা বার্তা পরিবেশক)

নীলফামারী, ৪ঠা মে।–সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যানদের সমন্বয়ের অভাবে নীলফামারী জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। অথচ জেলায় দীর্ঘদিন ধরে শিক্ষকের অভাবে লেখাপড়া ব্যাহত হচ্ছে।

জেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪শ' ৬৯টি এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ লাখ ৪২ হাজার ২৪২ জন। সরকারী নিয়মানুযায়ী এদের জন্য শিক্ষকের প্রয়োজন ২ হাজার ৮৪৪ জন। কিন্তু বর্তমানে আছে মাত্র ১ হাজার ৯১০ জন। অর্থাৎ শিক্ষকের প্রয়োজন আরো ৯৩৪ জন।

পর্যায়ক্রমে এসব শিক্ষকের অভাব পূরণের জন্য সরকারী বিধি অনুযায়ী গত বছরের (১৯৮৫) শেষের দিকে জেলার উপজেলা সমূহে "নিয়োগ কমিটির" মাধ্যমে যাবতীয় ব্যবস্থাদি সম্পন্ন করে নির্বাচিত হিসেবে শিক্ষকদের নামও ঘোষণা দেয়া হয়। কিন্তু হঠাৎ করে গত নভেম্বর মাসে প্রাথমিক শিক্ষা পরিদপ্তর থেকে নিয়োগ স্থগিত রাখার নির্দেশ আসে এবং পরবর্তীতে এলাকা থেকে নির্বাচিত সংসদ সদস্যদের অনুমোদন সাপেক্ষে উক্ত নিয়োগ কার্যকরী করতে বলা হয়। কিন্তু সংসদ সদস্যদের সঙ্গে উপজেলা চেয়ারম্যান ও শিক্ষক নিয়োগ কমিটির মতপার্থক্য হওয়ার কারণে এই জেলার ৩টি উপজেলায় তা সম্ভব হয়নি। ফলে একদিকে যেমন শিক্ষক অভাবে প্রাথমিক শিক্ষা হচ্ছে ব্যাহত অপর দিকে এসব উপজেলায় নিয়োগের জন্য যারা নির্বাচিত হয়েছেন তারাও অনিশ্চয়তার মধ্যে কাটাচ্ছেন।